NYC Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্যাটেগরি: | **শিক্ষার্থী** | ইস্যুর তারিখ: ১/১৭/১৩ | নম্বর: | **A-850** |
| বিষয়: | সক্ষমতা | | পৃষ্ঠা: | 1 এর 1 |

**পরিবর্তনের সার-সংক্ষেপ**

এই প্রবিধান ১৫ জুলাই, ২০০৯-এ ইস্যুকৃত চ্যান্সেলরের প্রবিধান A-850- কে রহিত করে।

এই প্রবিধান নিম্নোল্লিখিতভাবে হালনাগাদ করা হয়েছে:

- নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের("ডিওই") বর্তমান সংগঠন এবং ডিওই-র নীতি প্রতিফলিত করে। (সেকশন V, পৃষ্ঠা 3-5 দেখুন).
- প্রবিধানের নাম "সক্ষমতা" দিয়ে নতুন নামকরণ করে এবং ডিওই-র বিল্ডিংসমূহে সক্ষমতার গুরুত্বের উপর আলোকপাত করে। (সেকশন I, II, এবং III, পৃষ্ঠা1-3 দেখুন)
- ডিওই-র অধীনে পরিচালিত সকল ডিওই স্কুল এবং অন্য যেসব প্রতিষ্ঠান রয়েছে এবং এর অন্তর্ভুক্ত ডিওই-র বিল্ডিংসমূহে অবস্থিত চার্টার স্কুলগুলো - একটি স্থান-নির্দিষ্ট বর্জ নিবারণ, পুনর্ব্যবহার, রি-সাইক্লিং পরিকল্পনা এবং জ্বালানি সংরক্ষণ পরিকল্পনা ("সক্ষমতা পরিকল্পনা") বাস্তবায়ন এবং রক্ষণাবেক্ষণ করবে। (সেকশন II এবং V(J), পৃষ্ঠা 1, 5)
- সক্ষমতা পরিকল্পনাসমূহ বাস্তবায়নে ডিওই-র যেসকল কর্মকর্তা দায়ী তাদের ভূমিকা এবং দায়িত্ব স্পষ্ট করে ব্যক্ত করা। (সেকশন V, পৃষ্ঠা 3-5 দেখুন)
- সক্ষমতা প্রচেষ্টার অগ্রগতি রিপোর্ট করার নতুন সময়রেখা এবং প্রক্রিয়া নির্ধারণ করে। (সেকশন V (K), পৃষ্ঠা 5 দেখুন)
- বিল্ডিংয়ের উন্নতি সম্পর্কিত আবেদন অনুমোদন বা প্রত্যাখ্যানের যে ডিওই নীতি আছে তা প্রতিষ্ঠা করে। (সেকশন VI, পৃষ্ঠা 5-6 দেখুন)

## সারাংশ


নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন ("ডিওই") অবহিত আছে যে, পুনর্ব্যবহার এবং সক্ষমতা গুরুত্বপূর্ণ অগ্রাধিকার। ২০১০ সনের নিউ ইয়র্ক সিটির স্থানীয় আইন নম্বর 41, "সিটিওয়াইড রিসাইকেলিং"-এর পিএলএএনওয়াইসি-তে বর্ণিত সক্ষমতা বিষয়ে নিউ ইয়র্ক সিটির নতুন প্রচেষ্টা, এবং ২০০৮-এর স্থানীয় আইন নম্বর 22, "নিউ ইয়র্ক সিটি ক্লাইমেট প্রোটেকশন অ্যাক্ট," অনুযায়ী, এই প্রবিধান সকল ডিওই প্রতিষ্ঠান এবং স্কুলসমূহে সক্ষমতার অনুশীলন গ্রহণ এবং তা রিপোর্ট করা বাধ্যতামূলক বলে বিবৃত করে যাতে সক্ষমতার গুরুত্ব জোরালো হয়, এমন একটি সংস্কৃতি গড়ে ওঠে যা সক্ষমতার লক্ষ্যে ঐ প্রতিষ্ঠানগুলো আর্থিক দায়িত্ব গ্রহণ করে, বিল্ডিংয়ের ব্যবহার বৃদ্ধি করে, এবং সক্ষমতার উপর অভিনিবেশ রাখতে শিক্ষার্থীদের উৎসাহিত করে তাদের মধ্যে নাগরিকত্বের দায়িত্ব গড়ে তোলে।

নির্দিষ্টভাবে, এই প্রবিধান অনুযায়ী ডিওই-র অধীনে পরিচালিত প্রতিটি প্রতিষ্ঠান ও স্কুল এবং এর অন্তর্ভুক্ত ডিওই বিল্ডিংসমূহে অবস্থিত চার্টার স্কুলগুলো – ডিওই-র ডিরেক্টর অব সাসটেইনিবিলিটি কর্তৃক প্রতিবছরে বিতরণকৃত সাইট-নির্দিষ্ট বর্জ নিবারণ, পুনর্ব্যবহার, রি-সাইক্লিং পরিকল্পনা এবং জ্বালানি সংরক্ষণ পরিকল্পনা ("সক্ষমতা পরিকল্পনা")[1] গ্রহণ এবং বাস্তবায়ন করবে। এছাড়া, ডিওই-র অধীনস্থ সকল প্রতিষ্ঠান এবং স্কুল অবশ্যই ডিওই কর্তৃক বিতরণকৃত বার্ষিক সক্ষমতার সমীক্ষা পূরণ করবে। অন্য বিষয়গুলোর মধ্যে, সক্ষমতার পরিকল্পনা প্রতিটি প্রতিষ্ঠানের রি-সাইক্লিং এবং বর্জ নিরসন কর্মকাণ্ড এবং জ্বালানি ব্যবহারের তথ্য প্রদান করবে। সকল ডিওই প্রতিষ্ঠান এবং স্কুলে সক্ষমতা পরিকল্পনাসমূহ মানসম্মতকরণের প্রক্রিয়া এবং অনুশীলনী এই প্রবিধানে নির্ধারিত আছে এবং সকল ডিওই কর্মচারির ডিওই-র সক্ষমতা প্রচেষ্টা মেনে চলা আবশ্যিক।


## I. উপরিচিত্র

সম্প্রতি, নিউ ইয়র্ক সিটি এবং সিটি কাউন্সিল কিছু আইন এবং কর্মসূচির একটি সিরিজ চালু করেছে যা ডিওই এবং অন্য সিটি এজেন্সিসমূহের জন্য গ্রিনহাউস বিকিরণ হ্রাস এবং সাধারণভাবে সক্ষমতার উপর অভিনিবেশ আবশ্যিক করে। ২০০৭ সালে, সিটি পিএলএএনওয়াইসি-তে তার পরিবেশ বিষয়ক নীতির বিবরণ দিয়েছে যা অন্য বিষয়ের মধ্যে, সিটি মালিকানার বিল্ডিংগুলোতে গ্রিনহাউস বিকিরণ ৩০% কমানো বাধ্যতামূলক করেছে। ২০১০ সালে, সিটি কাউন্সিল স্থানীয় আইন নম্বর 41 "সিটিওয়াইড রিসাইক্লিং" চালু করে যা, অন্য বিষয়ের মধ্যে, চ্যান্সেলরের জন্য "সাসটেইনিবিলিটি ডিরেক্টর" নিয়োগদান আবশ্যিক করেছে এবং তার দায়িত্ব ডিওই-র সকল স্কুল এবং বিল্ডিংয়ে বর্জ নিবারণ, পুনর্ব্যবহার, এবং রিসাইক্লিং কাজগুলোর জন্য ডিওই-র সক্ষমতা নীতি ও গাইডলাইন তৈরি এবং লক্ষ্য নির্ধারণ। এছাড়া, ২০১১ সালের অগাস্টে, সিটি হল একটি নতুন কর্মসূচি চালু করে যা এনার্জি ইনসেনটিভ অ্যালাইনমেন্ট প্রোগ্রাম নামে পরিচিত – সেটি জ্বালানি বাজেট সম্পর্কিত খরচের দায়িত্ব ডিওই-র উপর ন্যাস্ত করেছে।

## II. সক্ষমতা নীতি

সাধারণত সক্ষমতা আমাদের শিক্ষার্থীদের স্বাস্থ্য, স্কুল বিল্ডিং, এবং পরিবেশের উপর বিরাট প্রভাব ফেলে। যেহেতু এটি গুরুত্বপূর্ণ অগ্রাধিকারের বিষয় এবং সিটির ভবিষ্যতের জন্যও গুরুত্বপূর্ণ, তাই ডিওই নিচে উল্লিখিত কাজগুলো করতে প্রতিশ্রুতিবদ্ধ:

- জ্বালানি সংরক্ষণ, রিসাইক্লিং, বাস্তুসংস্থান, এবং পরিবেশ সংক্রান্ত পাঠ্যক্রমের জন্য সক্ষমতার লক্ষ্য নির্ধারণে স্কুলগুলোকে উৎসাহিত করা;
- খরচ কমাতে এবং গ্রিনহাউস গ্যাস বিকিরণ হ্রাসে জ্বালানি সংরক্ষণ অনুশীলনী এবং কর্মসূচি বাস্তবায়ন;
- রিসাইক্লিং এবং বর্জ নিবারণ অনুশীলনী বাস্তবায়ন যাতে (1) যেসব বর্জ রিসাইক্লিং, পুনর্ব্যবহার, অথবা সার হিশেবে ব্যবহার যোগ্য এবং স্থানীয় অর্থনৈতিক সুযোগ সৃষ্টি করতে পারে সেগুলি বর্জভূমিতে ফেলা কমানো, (2) বর্জভূমিতে ফেলার আর্থিক চাপ হ্রাস এবং (3) বর্জ টানা এবং ফেলা থেকে উৎসারিত গ্রিনহাউস গ্যাস বিকিরণ হ্রাস;
- সেইসব কর্মসূচিতে সমর্থন প্রদান যা (1) শিক্ষার্থী এবং স্কুল-কর্মীদেরকে প্রকৃতির সংস্পর্শে রাখার লক্ষ্যে স্কুলগুলোকে বাগান তৈরি, গাছ লাগানো, এবং অধিকতর খোলামেলা জায়গা রাখতে উৎসাহিত করে, (2) স্বাস্থ্য সচেতন জীবন-পদ্ধতি বেছে নিতে উৎসাহ দেয়, এবং (3) পিএলএএনওয়াইসি-র লক্ষ্য পূরণ এবং সিটির মিলিয়ন গাছ কর্মসূচিটি[2] বাস্তবায়ন করে, এবং
- ডিওই-র বিল্ডিংগুলোতে অবস্থিত চার্টার স্কুলগুলোসহ ডিওই-র অধীনস্থ সকল স্কুল এবং প্রতিষ্ঠানে জ্বালানি এবং ডিওই-র কার্বন ফুটপ্রিন্ট হ্রাস বাধ্যতামূলক করে, এবং কিউবিকলস, অফিস, এবং ক্লাসরুম থেকে অপ্রয়োজনীয় ব্যক্তিগত সরঞ্জাম (যেমন মাইক্রোওয়েভ আভেনস, মিনি রেফ্রিজারেটর, কফি মেকার, ব্যক্তিগত ফ্যান এবং হিটার) অপসারণের মাধ্যমে কারণ এইসব সরঞ্জামে শুধু প্রচুর পরিমাণে ইলেকট্রিসিটিই ব্যবহারই হয় না, এগুলো থেকে শিক্ষার্থী এবং কর্মীদের জন্য আগুনের ঝুঁকিও আছে এবং এসব প্রাণী এবং পাখিদেরও আকর্ষণ করে। বরং এই ধরনের সরঞ্জাম ব্যবহারের জন্য প্রতিটি স্কুল অথবা প্রতিষ্ঠানের একটি কেন্দ্রিয় স্থানে এসব রাখা থাকবে যেমন সহায়-সংস্থানের রুম, টিচার লাউঞ্জ, অথবা বিল্ডিংয়ের অন্য কোন জায়গায়; এবং
- কমন কোন পাঠ্যক্রমে কীভাবে সক্ষমতা অন্তর্ভুক্ত করা যায় এবং সক্ষমতার নীতির ভিত্তিতে শিক্ষার্থী নেতৃত্বে দক্ষতাসহ কম্যুনিটি সংশ্লিষ্টতা কেমন করে গড়ে তোলা যায় সেবিষয়ে ডিওই-র স্কুলগুলোকে সহায়-সংস্থান এবং নির্দেশনা প্রদান করে।

এর ফলে, ডিওই বিল্ডিংগুলোতে অবস্থিত চার্টার স্কুলগুলোসহ ডিওই-র অধীনস্থ সকল প্রতিষ্ঠান এবং স্কুলসমূহকে অবশ্যই একটি স্থান-নির্দিষ্ট সক্ষমতার পরিকল্পনা তৈরি করতে হবে যা স্কুল অথবা প্রতিষ্ঠানের সক্ষমতার লক্ষ্য বিবৃত করে। প্রতি স্কুল বছরে, ডিওই অনলাইনে আবেদনের ফরম অথবা টেমপ্লেট বিতরণ করবে যা চার্টার স্কুলসহ স্কুলগুলোকে ডিওই-র কাছে তাদের সক্ষমতা পরিকল্পনা তৈরি এবং জমা দিতে সুযোগ দেবে। তাছাড়াও, প্রতি

[1] ডিওই-র সক্ষমতার প্রচেষ্টা, সক্ষমতা পরিকল্পনা, এবং বার্ষিক সক্ষমতার সমীক্ষা সম্পর্কিত তথ্য http://schools.nyc.gov/sustainability. সাইটে পাওয়া যাবে।

[2] সিটির মিলিয়ন গাছের কর্মসূচি অনুযায়ী পরবর্তী দশকে নতুন এক মিলিয়ন গাছ লাগানো এবং সেগুলির যত্ন নেবার পরিকল্পনা সিটির আছে সেটি প্রত্যাশা করে।

স্কুল বছরে, ডিওই-র অধীনস্থ সকল স্কুল এবং প্রতিষ্ঠান একটি বার্ষিক সক্ষমতার সমীক্ষা পূরণ করবে।

সক্ষমতা পরিকল্পনায়, প্রিন্সিপ্যালগণ অথবা যেগুলি স্কুল-বিল্ডিং নয় সেগুলির বিল্ডিং ক্যাপ্টেনদের, নিচের তথ্যসমূহ পূরণ করবেন:

- স্কুল অথবা বিল্ডিংয়ের সক্ষমতা কোঅর্ডিনেটরের পরিচয়;
- গ্রিন টিমের[3] সদস্যদের পরিচয়;
- বর্তমান সক্ষমতার অনুশীলনী শনাক্তকরণ;
- জ্বালানি সংরক্ষণের লক্ষ্য এবং যে কার্যব্যবস্থা গ্রহণ করা হয়েছে সেসম্পর্কিত তথ্য;
- রিসাইক্লিংয়ের লক্ষ্য এবং যে কার্যব্যবস্থা গ্রহণ করা হয়েছে সেসম্পর্কিত তথ্য;
- ঐসব গ্রিন পাঠ্যক্রমের বিষয় অথবা কর্মসূচি শনাক্তকরণ যা পাঠ্যক্রমে সক্ষমতা অন্তর্ভুক্ত করতে চায়।
- কিউবিকলস্, অফিস, এবং ক্লাসরুম থেকে সকল অপ্রয়োজনীয় সরঞ্জাম অপসারণের প্রতিশ্রুতি (যেমন মাইক্রোওয়েভ আভেনস্, মিনি রেফ্রিজারেটর, কফি মেকার, ব্যক্তিগত ফ্যান এবং হিটার)

## III. সক্ষমতার প্রধান কর্মসূচিসমূহ

ডিওই-র সক্ষমতা বিষয়ক সুপারিশ, গাইডলাইন, এবং তথ্য http://schools.nyc.gov/community/facilities/sustainability/default.htm সাইটে পাওয়া যাবে

যেসব প্রধান সক্ষমতা বিষয়ক কর্মসূচি ডিওই তার অধীনস্থ সকল প্রতিষ্ঠান এবং স্কুলকে নিতে উৎসাহিত করে তার অন্তর্ভুক্ত আছে:

- প্রতিবছর গ্রিন কাপ এনার্জি চ্যালেঞ্জ[4] কর্মসূচিতে অংশগ্রহণকারী স্কুলের সংখ্যা বৃদ্ধি।
- কিছু নির্বাচিত স্কুলে[5] পরীক্ষামূলক কর্মসূচি দিয়ে শুরু করে সকল ডিওই স্কুল এবং প্রতিষ্ঠানে খাবারর বর্জ থেকে সার তৈরির কর্মসূচি বাস্তবায়ন।
- সাসটেইনিবিলিটি কোঅর্ডিনেটর, কাস্টোডিয়ান ইঞ্জিনিয়ার, বিল্ডিং ম্যানেজার এবং স্কুল-ফুড কর্মীদেরকে সক্ষমতার প্রশিক্ষণ প্রদান।

## IV. আদেশ পালন

ডিভিশন অব অ্যাকাউন্ট্যাবিলিটি, পারফরমেন্স অ্যান্ড সাপোর্ট ("ডিএপিএস")-এর সহায়তায় ডিভিশন অব স্কুল ফ্যাসিলিটিজ ("ডিএসএস")-এর দায়িত্ব প্রত্যেকটি ডিওই প্রতিষ্ঠানে আবশ্যিক সক্ষমতার পরিকল্পনাসমূহ চালু এবং বাস্তবায়ন নিশ্চিতকরণ।

সকল ডিওই কর্মচারির রিসাইক্লিং, বর্জ হ্রাস এবং পুনর্ব্যবহারের নিয়মগুলো মেনে চলা এবং এই অনুশীলনী বৃদ্ধি করা আবশ্যিক। তাছাড়া, সকল ডিওই কর্মচারিকে অবশ্যই এনভায়রনমেন্টালি প্রেফারেবল পারচেজিং আইনে নির্ধারিত নিয়ম অনুযায়ী সব জিনিসপত্র সংগ্রহে যেসব পরিচালন প্রক্রিয়া চালু আছে সেগুলি মানতে হবে – এর মধ্যে আছে কিন্তু এতে সীমাবদ্ধ নয়, কাগজের তৈরি জিনিসপত্র, অফিস সরঞ্জাম এবং ইলেকট্রনিক সামগ্রী। http://www.nyc.gov/html/mocs/html/programs/epp.shtml.

ডিওই বিল্ডিংয়ে অবস্থিত চার্টার স্কুলগুলোসহ ডিওই-র অধীনস্থ স্কুল অথবা প্রতিষ্ঠান ডিওই-র সক্ষমতা পরিকল্পনার শর্ত এবং নিয়ম-কানুন কতটা মানতে পারবে বা পারবে না, সেবিষয়ে স্কুল বা প্রতিষ্ঠানটিকে ডিএসএফ-এর কাছে লিখিত আবেদন জমা দিয়ে চ্যান্সেলরের কাছ থেকে এ বিষয়ে অব্যাহতি চেয়ে অনুমতি নিতে হবে।

## V. ভূমিকা এবং দায়িত্ব

### A. ডিভিশন অব স্কুল ফ্যাসিলিটিজের প্রধান নির্বাহি অফিসার

ডিভিশন অব স্কুল ফ্যাসিলিটিজের ("ডিএসএফ") প্রধান নির্বাহি অফিসার ("সিইও") চ্যান্সেলরের পক্ষে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব সেনিটেশনের ("ডিএসএনওয়াই") কমিশনারের কাছে ১ জানুয়ারি মধ্যে আগের আর্থিক বছরের বার্ষিক সক্ষমতার রিপোর্ট পেশ করবেন।

---

[3] কোন স্কুলের গ্রিন টিমে সাধারণভাবে অন্তর্ভুক্ত ব্যক্তিরা হলেন প্রিন্সিপ্যাল, সক্ষমতা কোঅর্ডিনেটর, শিক্ষকবৃন্দ, শিক্ষার্থীগণ, কাস্টোডিয়ান ইঞ্জিনিয়ার, ইউএফটি চ্যাপ্টার লিডার, পিতামাতাগণ এবং অন্য স্কুল কম্যুনিটির অংশীদারগণ যাদেরকে অন্তর্ভুক্ত করতে প্রিন্সিপ্যাল যথাযথ মনে করেন। গ্রিন টিম সম্পর্কিত আরও তথ্য এবং কীভাবে তা শুরু করা যায় সেসম্পর্কিত তথ্য http://schools.nyc.gov/community/facilities/sustainability/Greening/default.htm সাইটে পাবেন।

[4] গ্রিন কাপ এনার্জি চ্যালেঞ্জ একটি কর্মসূচি যা সকল ডিওই স্কুলসমূহকে সম্মিলিতভাবে জ্বালানি সংরক্ষণ এবং গ্রিনহাউস বিকিরণ হ্রাসে উৎসাহিত করে। এই চ্যালেঞ্জ কমসূর্ চিতে অংশগ্রহণকারী স্কুলগুলেঅ প্রতেয সপ্তাহে তাদের মিটার রিডিং নেয় এবং একটি প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। আরও তথেযরর জনয https://www.greenschoolsalliance.org/greencupchallenge দেখুন।

[5] সিটির কম্পোস্টিং প্রোগ্রাম সম্পর্কে আরও তথ্যের জন্য http://www.nyc.gov/html/nycwasteless/html/compost/composting_nyc.shtml. দেখুন।

B. <u>ডিরেক্টর অব সাসটেইনিবিলিটি</u>

ডিরেক্টর অব সাসটেইনিবিলিটি বর্জ নিবারণ, পুনর্ব্যবহার এবং রিসাইক্লিং অনুশীলনী, জ্বালানি সংরক্ষণ, একোলজিক্যাল উন্নতি, পানি ব্যবস্থাকে কার্যকরীকরণ, বাতাসের মান রক্ষা এবং অন্য সক্ষমতা সম্পর্কিত কর্মসূচির উন্নতিতে নীতি ও গাইডলাইন তৈার এবং লক্ষ্য নির্ধারণ করেন যা প্রতিটি স্কুলে সাসটেইনিবিলিটি কোঅর্ডিনেটরগণ কর্তৃক বাস্তবায়িত হয়।

ডিরেক্টর অব সাসটেইনিবিলিটি সক্ষমতা পরিকল্পনার আবেদনপত্র তৈরির জন্য দায়ী যা ডিওই-র সক্ষমতা প্রচেষ্টার লক্ষ্য পূরণের সহায়তা ব্যবহৃত হবে। তিনি নিশ্চিত করবেন যেন ডিওই-র অধীনস্থ সকল স্কুল এবং বিল্ডিং সক্ষমতা পরিকল্পনার আবেদনটি পূরণ করে প্রতি বছর জমা দেয়।

ডিরেক্টর অব সাসটেইনিবিলিটি প্রতি বছর স্কুলগুলোর কাছ থেকে সক্ষমতা পরিকল্পনার বাস্তবায়নের অগ্রগতি জানতে সকল সক্ষমতা কোঅর্ডিনেটরের নিকট সক্ষমতার বার্ষিক সমীক্ষা পাঠাবেন। ডিরেক্টর অব সাসটেইনিবিলিটি রিসাইক্লিং, জ্বালানি সংরক্ষণ এবং অন্য সকল সক্ষমতা সম্পর্কিত কর্মকাণ্ডের উপর সিইও-র জন্য উপরে উল্লিখিত উপায়ে ডিওই-র জন্য একটি বার্ষিক রিপোর্ট ("সক্ষমতার রিপোর্ট") তৈরি করবেন।

C. <u>ডেপুটি ডিরেক্টর অব রিসাইক্লিং</u>

সকল ডিওই প্রতিষ্ঠানের জন্য ডিওই-র রিসাইক্লিং নীতি তৈরি এবং তার সমন্বয় এবং সক্ষমতা রিপোর্টের রিসাইক্লিং অংশের সামঞ্জস্য রক্ষার দায়িত্ব ডেপুটি ডিরেক্টর অব রিসাইক্লিংয়ের। ডেপুটি ডিরেক্টর অব রিসাইক্লিং ডিওই-র সকল প্রতিষ্ঠানের রিসাইক্লিং এবং বর্জ নিবারণ বিষয়ের নীতি এবং গাইডলাইন বিতরণ করবেন এবং প্রয়োজন অনুযায়ী প্রত্যেকটি স্কুলকে টেকনিক্যাল সহায়তা দেবেন।

D. <u>ডেপুটি ডিরেক্টর অব এনার্জি</u>

ডেপুটি ডিরেক্টর অব এনার্জি ডিওই-র জ্বালানি সংরক্ষণ নীতি তৈরি এবং তার সমন্বয় বিধান, সিটিওয়াইড অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিসেস ডিভিশন অব এনার্জি ম্যানেজমেন্ট ("ডিসিএএস ডিইএন")-এর নিউ ইয়র্ক সিটি ডিওই-র সাথে যোগাযোগ রক্ষা, যেসকল ইউটিলিটি সার্ভিস ডিওই পাচ্ছে তার সঠিক ব্যবহারের হিসাব নিশ্চিত করার লক্ষ্যে ইউটিলিটি কোম্পানিগুলোর সাথে সমন্বিতভাবে কাজ করে ঐসব খরচের বিলে কোন ভুল আছে কিনা সেটি দেখার এবং ইপিএ এনার্জি স্টার পোর্টফোলিও ম্যানেজার অ্যাকাউন্ট হালনাগাদকরণের জন্য দায়ী।

ডেপুটি ডিরেক্টর অব এনার্জি ডিওই প্রতিষ্ঠানসমূহে জ্বালনি ব্যবহার ব্যবস্থাপনার নীতি এবং গাইডলাইন বিতরণ করবেন এবং প্রয়োজনবোধে ডিওই প্রতিষ্ঠনসমূহে টেকনিক্যাল সহায়তা প্রদান করবেন। তিনি কাস্টোডিয়ান ইঞ্জিনিয়র এবং সাসটেইনিবিলিটি কোঅর্ডিনেটরের সাথে মাঝেমাঝে ইউটিলিটি তথ্য বিনিময় করবেন এবং জ্বালানি সংরক্ষণ কর্মসূচিগুলির উন্নতিতে সহায়তা দেবেন যেমন গ্রিন স্কুল অ্যালায়েন্স গ্রিন কাপ চ্যালেঞ্জ, এবং প্রয়োজন অনুযায়ী প্রশিক্ষণের ব্যবস্থা করবেন।

E. <u>চিলড্রেন ফার্স্ট নেটওয়ার্ক ফ্যাসিলিটির সাথে যোগাযোগের ব্যক্তি</u>

চিলড্রেন ফার্স্ট নেটওয়ার্কের প্রত্যেকটি প্রতিষ্ঠানে একজন যোগাযোগের ব্যক্তি নিয়োজিত থাকবেন যিনি নেটওয়ার্কে অন্তর্ভুক্ত স্কুলগুলোর সক্ষমতা পরিকল্পনা বাস্তবায়নের তত্ত্বাবধান, মূল্যায়ন, এবং রিপোর্টে ডিওই-র প্রচেষ্টায় সহায়তা দেবেন। প্রয়োজনবোধে প্রতিষ্ঠানের যোগাযোগের ব্যক্তি বা লিঁয়াজো ডেপুটি ডিরেক্টর অব ফ্যাসিলিটিজের সমন্বিতভাবে কাজ করবেন।

F. <u>প্রিন্সিপ্যালগণ</u>

প্রত্যেক প্রিন্সিপ্যাল সক্ষমতা পরিকল্পনা পূর্ণভাবে চালু এবং তার স্কুলে সেটি বাস্তবায়নের দায়িত্বে থাকবেন। তিনি স্কুলের প্রশাসনের কোন ব্যক্তি অথবা শিক্ষকদের মধ্য থেকে একজনকে ঐ স্কুলের সাসটেইনিবিলিটি কোঅর্ডিনেটর হিশেবে নিয়োগ দেবেন।

স্কুল যদি কোন "ক্যাম্পাসে" অবস্থিত হয় (যেমন একই বিল্ডিংয়ে একাধিক স্কুল বা কর্মসূচি), সেক্ষেত্রে ঐ একাধিক স্কুলের প্রিন্সিপ্যালগণ বিল্ডিংয়ের সকল স্কুলের জন্য একজন সাসটেইনিবিলিটি কোঅর্ডিনেটর নিয়োগ করতে পারেন।

প্রিন্সিপ্যালগণ ডিসিএএস ডিইএস এবং ডিওই হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন থেকে প্রাপ্ত নির্দেশনা – যেটি উপযুক্ত মনে করেন সেটি অনুযায়ী হিটিং এবং এয়ার কন্ডিশনিং ব্যবস্থা পরিচালনা নিশ্চিত করবেন।

G. <u>বিল্ডিং ক্যাপ্টেন</u>

স্কুলবিহীন ডিওই বিল্ডিংয়ের প্রত্যেক বিল্ডিং ক্যাপ্টেন সক্ষমতা পরিকল্পনার সমীক্ষা পূরণ এবং তার বিল্ডিংয়ে সেটি বাস্তবায়নের দায়িত্ব পালন করবেন। প্রত্যেক বিল্ডিং ক্যাপ্টেন ঐ বিল্ডিংয়ের জন্য বিল্ডিংয়ের অধিবাসীদের মধ্য থেকে একজনকে সাসটেইনিবিলিটি কোঅর্ডিনেটর হিশেবে নিয়োগ করবেন।

স্কুলবিহীন ডিওই বিল্ডিংয়ের প্রত্যেক বিল্ডিং ক্যাপ্টেন সকল অপ্রয়োজনীয় ব্যক্তিগত সরঞ্জাম (যেমন মাইক্রোওয়েভ আভেন, মিনি রেফ্রিজারেটর, কফি মেকার, ব্যক্তিগত ফ্যান, এবং ব্যক্তিগত হিটার) কিউবিকল্ এবং অফিস থেকে অপসারণ করবেন। বিল্ডিং ক্যাপ্টেনগণ ডিসিএএস ডিইএস এবং ডিওই হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন থেকে প্রাপ্ত নির্দেশনা – যেটি উপযুক্ত মনে করেন সেটি অনুযায়ী হিটিং এবং এয়ার কন্ডিশনিং ব্যবস্থা পরিচালনা নিশ্চিত করবেন।

H. <u>সাসটেইনিবিলিটি কোঅর্ডিনেটর</u>

সাসটেইনিবিলিটি কোঅর্ডিনেটরের দায়িত্ব হবে:

- স্কুলের সক্ষমতা পরিকল্পনা পূরণ এবং বাস্তবায়ন, অথবা নন-স্কুল বিল্ডিংয়ের ক্ষেত্রে, বিল্ডিংয়ের সক্ষমতা পরিকল্পনা সম্পর্কিত ব্যবস্থা গ্রহণ। সাসটেইনিবিলিটি কোঅর্ডিনেটর স্কুল অথবা বিল্ডিংয়ের রিসাইক্লিং কাজসমূহের পর্যালোচনা করবেন এবং তার রিপোর্ট প্রিন্সিপ্যাল/বিল্ডিং ক্যাপ্টেনকে দেবেন। স্কুল বিল্ডিংয়ে সক্ষমতা পাঠ্যক্রমের উন্নতির প্রচেষ্টায় একজন মধ্য-ব্যক্তি হিশেবে কাজও তিনি করবেন।

- জ্বালানি সংরক্ষণ কর্মসূচিসমূহে সহায়তা দিতে ডিওই প্রদত্ত ইউএস ইপিএ এনার্জি স্টার পোর্টফোলিও ম্যানেজারের ব্যবহার।

- স্কুল যদি ক্যাম্পাসে অবস্থিত হয়, প্রতিটি স্কুলের সাসটেইনিবিলিটি কোঅর্ডিনেটর একসাথে মিলিত হয়ে মাঝে মাঝে ক্যাম্পাস-ভিত্তিক মিটিং করে তাদের সংরক্ষণ প্রচেষ্টা সমন্বিত করবেন (যেমন যেসব সরঞ্জামের ব্যবহার নাই সেগুলি অফ করে রাখা)।
- সাসটেইনিবিলিটি কোঅর্ডিনেটর বার্ষিক সক্ষমতার সমীক্ষা পূরণ করে ডিওই ডিরেক্টর অব সাসটেইনিবিলিটির কাছে জমা দেবেন।
- সাসটেইনিবিলিটি কোঅর্ডিনেটর স্কুলের সকল সক্ষমতা প্রচেষ্টার উন্নয়ন এবং বাস্তবায়নে স্কুল অথবা ডিওই বিল্ডিংয়ের সকল সেক্টরের প্রতিনিধিগণের সাথে পরামর্শ করবেন এবং এদের অন্তর্ভুক্ত প্রিন্সিপ্যাল(গণ), ফুড সার্ভিস, প্রশাসন এবং প্রতিষ্ঠানের কর্মী, এবং যেক্ষেত্রে সম্ভব, পিতামাতা এবং শিক্ষার্থী।

I. ডেপুটি ডিরেক্টর অব ফ্যাসিলিটিজ

ডেপুটি ডিরেক্টর অব ফ্যাসিলিটিজ প্রত্যেকটি স্কুলের সক্ষমতা পরিকল্পনা মেনে চলা নিশ্চিত করতে কস্টোডিয়ান ইঞ্জিনিয়র এবং বিল্ডিং ম্যানেজারদেরকে তত্ত্বাবধান করবেন।

J. কাস্টোডিয়ান ইঞ্জিনিয়র এবং বিল্ডিং ম্যানেজারগণ

প্রত্যেক কাস্টোডিয়ান ইঞ্জিনিয়র এবং বিল্ডিং ম্যানেজার যে দায়িত্ব পালন করবেন তার মধ্যে আছে:

- স্বচ্ছ প্লাস্টিক ব্যাগসহ (কাগজের পাত্রগুলোতে লাইন নাও থাকতে পারে) প্রতিটি স্কুলে রিসাইক্লিংয়ের নির্দিষ্ট পাত্রসমূহ প্রদান;
- ক্লাসরুম থেকে সংগ্রহের সময় ডিএসএনওয়াই-এর তোলার সুবিধার্থে রিসাইকেলযোগ্য সামগ্রী ছোট রিসাইক্লিং পাত্র থেকে বড় স্বচ্ছ প্লাস্টিক ব্যাগে (প্রয়োজন অনুযায়ী) স্থানান্তর তত্ত্বাবধান করা। পৃথকীকৃত রিসাইকেলযোগ্য জিনিস বর্জের সাথে কখনও একই ব্যাগে রাখা হবে না;
- যেকোন নিয়ম অমান্যকারী রুম, এলাকা অথবা কর্মী সম্পর্কে সাসটেইনিবিলিটি কোঅর্ডিনেটর এবং প্রিন্সিপাল(গণ)/বিল্ডিং ক্যাপ্টেনকে অবহিতকরণ;
- নিউ ইয়র্ক সিটি ডিওই অব স্যানিটেশন ("ডিএসএনওয়াই") কর্তৃক সংগ্রহের সুবিধার্থে সকল রিসাইকেলযোগ্য বস্তু স্বচ্ছ প্লাস্টিক ব্যাগে ভরে নির্দিষ্ট স্থানসমূহে রাখার ব্যবস্থা করা;
- বিল্ডিংসমূহে জ্বালানি ব্যবহারের সাশ্রয় করে বিল্ডিং পরিচালনার সুযোগ বাড়ানো এবং সিটি অব নিউ ইয়র্ক কর্তৃক প্রদত্ত বিল্ডিং অপারেটরস্ সার্টিফিকেট ট্রেনিং কর্মসূচিতে (বিনা খরচে) যোগদান করা;

K. রিপোর্টিং

1. প্রত্যেক প্রিন্সিপ্যাল এবং বিল্ডিং ক্যাপ্টেন প্রতি বছরের সেপ্টেম্বর মাসের শেষ শুক্রবারের মধ্যে স্কুল অথবা বিল্ডিংয়ের জন্য যথাক্রমে একজন সাসটেইনিবিলিটি কোঅর্ডিনেটর নিয়োগ করবেন এবং সকল প্রিন্সিপ্যাল এবং বিল্ডিং ক্যাপ্টেনগণের কাছে বিতরণকৃত ওয়েবসাইটের মাধ্যমে তা ডিরেক্টর অব সাসটেইনিবিলিটিকে জানাবেন।
2. ডিওই কর্তৃক প্রদত্ত এবং নির্দেশনা অনুযায়ী প্রত্যেক সাসটেইনিবিলিটি কোঅর্ডিনেটর অবশ্যই একটি সক্ষমতা পরিকল্পনা পূরণ করবেন এবং সক্ষমতা পরিকল্পনাটি সাসটেইনিবিলিটি কোঅর্ডিনেটর, প্রিন্সিপ্যাল, এবং কাস্টোডিয়ান ইঞ্জিনিয়র/বিল্ডিং ম্যানেজার কর্তৃক প্রতি বছরের অক্টোবর মাসের শেষ শুক্রবারের মধ্যে তা স্বাক্ষরিত হয়েছে সেবিষয়টি নিশ্চিত করবেন। স্কুল নেই এমন ডিওই বিল্ডিংয়ে, পরিকল্পনাটি সাসটেইনিবিলিটি কোঅর্ডিনেটর, বিল্ডিং ক্যাপ্টেন এবং কাস্টোডিয়ান ইঞ্জিনিয়র/বিল্ডিং ম্যানেজার কর্তৃক স্বাক্ষরিত হবে।।
3. প্রত্যেক সাসটেইনিবিলিটি কোঅর্ডিনেটর অবশ্যই ডিরেক্টর অব সাসটেইনিবিলিটি কর্তৃক ইস্যুকৃত বার্ষিক সক্ষমতার সমীক্ষা প্রতি বছরের জুন মাসের মধ্যে পূরণ করবেন।
4. স্কুল নাই এমন বিল্ডিংয়ের প্রত্যেক বিল্ডিং ক্যাপ্টেন সক্ষমতা পরিকল্পনার অংশ হিশেবে অফিস এবং কিউবিকল থেকে সকল অপ্রয়োজনীয় ব্যক্তিগত সরঞ্জাম (যেমন মাইক্রোওয়েভ আভেন, মিনি রেফ্রিজারেটর, কফি মেকার, ব্যক্তিগত ফ্যান, এবং ব্যক্তিগত হিটার) অপসারণ করে বার্ষিক ভিত্তিতে তার রিপোর্ট তৈরি করবেন।
5. ডিরেক্টর অব সাসটেইনিবিলিটি সিইও-র জন্য একটি বার্ষিক সক্ষমতার রিপোর্ট তৈরি করবেন যা প্রত্যেক বছরের ১ম জানুয়ারির মধ্যে চ্যান্সেলরের কাছে জমা দিতে হবে। এই বার্ষিক সক্ষমতার রিপোর্টে অন্তর্ভুক্ত থাকবে বর্জ নিবারণের পদক্ষেপসমূহ যা ডিওই কর্তৃক আগের আর্থিক বছরের জন্য গৃহীত এবং বাস্তবায়িত হয়েছে।

## VI. বিল্ডিং উন্নয়ন প্রকল্পসমূহ

A. যখন কোন স্কুল, বিল্ডিং উন্নয়ন প্রকল্পের অনুমোদন চেয়ে আবেদন জানায় যেখানে বিল্ডিংয়ের জ্বালানি ব্যবহার বৃদ্ধি পাবে(যেমন এয়ার কন্ডিশনার অথবা স্মার্ট বোর্ডের জন্য আবেদন), তখন প্রিন্সিপ্যাল অথবা বিল্ডিং ক্যাপ্টেন অবশ্যই তার প্রস্তাব সিইও-র কাছে জমা দেবেন। এই ধরনের প্রস্তাবে সেই সরঞ্জাম-নির্দিষ্ট জ্বালানি ব্যবহারের তথ্য এবং একটি পরিকল্পনা অন্তর্ভুক্ত থাকবে এবং সেই পরিকল্পনায় স্কুলের জ্বালানি ব্যবহার হ্রাস করার সক্ষমতা পরিকল্পনায় কীভাবে সেই অনুরোধকৃত সরঞ্জামটি তা বাস্তবায়ন করতে পারে তার বিবরণ থাকবে। এই রকম অনুরোধকৃত সরঞ্জাম স্কুলের জ্বালানি ব্যবহার বৃদ্ধি করবে না। যদি এইসব অনুরোধকৃত সরঞ্জাম স্কুলের জ্বালানি ব্যবহার বৃদ্ধি না করে, স্কুলকে অবশ্যই জ্বালানি হ্রাসের ফরম পূরণ করতে হবে যা ডিরেক্টর অব সাসটেইনিবিলিটি স্কুল অথবা বিল্ডিংয়ে পাঠিয়েছেন। এই ধরনের বিল্ডিং প্রকল্প সম্পৃক্ত সরঞ্জাম অথবা পরিসেবা ক্রয় সিইও-র অনুমোদন সাপেক্ষে হতে হবে।

B. জ্বালানি হ্রাসের ফরমে প্রদত্ত স্কুল যে তথ্য প্রদান করেছে তার ভিত্তিতে বিল্ডিং উন্নয়নের প্রকল্পের জন্য যদি সিইও আবেদন অনুমোদন করে, এবং পরে দেখা যায় যে, স্কুল অথবা বিল্ডিং জ্বালানি হ্রাসের ফরমের শর্ত পূরণ করছে না, সেক্ষেত্রে ডিওই-র সরঞ্জামটি অপসারণ বা অপসারণের অনুরোধ জানানো অধিকার সংরক্ষিত থাকবে।

## VII. অনুসন্ধান

এই প্রবিধান সংক্রান্ত যেকোন তথ্যের জন্য নিচে প্রদত্ত ফোন, ঠিকানা, অথবা ফ্যাক্স নম্বরে যোগাযোগ করুন:

| ফোন: | *Director of Sustainability* | ফ্যাক্স: |
|---|---|---|
| (718) 349-5487/8 | N.Y.C. DOE of Education<br>44-36 Vernon Blvd.<br>Long Island City, NY 11101 | 718-349-5767 |